

প্রেস বিজ্ঞপ্তি
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ২৫টি প্রতিষ্ঠানকে ১.৪৩ লক্ষ টাকা জরিমানা

৯ মে ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৭ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, গাইবান্ধা, সিলেট, কিশোরগঞ্জ, ময়মনসিংহ ও ভোলায় আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তারের নেতৃত্বে ঢাকা মহানগরীর বাড্ডা এলাকায় মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয়ের অপরাধে সেবা মেডিকেলকে ১৫,০০০/- (পনের হাজার) টাকা ও পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে রাজভোগ এন্ড কোংকে ১০,০০০/- (দশ হাজার) টাকাসহ মোট ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর রামপুরা এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে সুইটস এন্ড সুইটসকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় এবং অস্বাস্থ্যকর উপায়ে তৈরি ও সংরক্ষিত ৪০ কেজি মিষ্টি ধ্বংস করা হয়।

কিশোরগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ইব্রাহীম হোসেনের নেতৃত্বে কিশোরগঞ্জের পাকুন্দিয়া ও কটিয়াদি উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা, গাইবান্ধা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আরিফুল ইসলামের নেতৃত্বে গাইবান্ধার সদর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ৬,০০০/- (ছয় হাজার) টাকা, সিলেট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানন্দ সিনহার নেতৃত্বে সিলেটের শাহপরান থানায় ও সিলেট সদর উপজেলা ৫টি প্রতিষ্ঠানকে ১৯,০০০/- (উনিশ হাজার) টাকা, ময়মনসিংহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ জাহাজীর আলমের নেতৃত্বে ময়মনসিংহ সদর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ১১,০০০/- (এগার হাজার) টাকা এবং ভোলা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক নাজমুল হাসানের নেতৃত্বে ভোলার লালমোহন উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ৭,০০০/- (সাত হাজার) টাকাসহ মোট ৬৮,০০০/- (আটষট্টি হাজার) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপি, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয় এবং ওজনে কারচুপির অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ৭টি বাজার তদারকিতে ২৫টি প্রতিষ্ঠানকে মোট ১,৪৩,০০০/- (এক লক্ষ তেতাল্লিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, শিল্প ও বণিক সমিতি, বাজার কর্মকর্তা, স্যানিটারী ইন্সপেক্টর ও ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র‍্যাংগ/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, রংপুর, বরিশাল ও সিলেট।
- ৪। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, ঢাকা মহানগর, গাইবান্ধা, সিলেট, কিশোরগঞ্জ, ময়মনসিংহ ও ভোলা।
- ৬। পুলিশ সুপার, ঢাকা মহানগর, গাইবান্ধা, সিলেট, কিশোরগঞ্জ, ময়মনসিংহ ও ভোলা
- ৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।